

ফাতওয়া নম্বার: ৩৬৮

প্রকাশকাল: ১৮-০৫-২০২৩ ইং

দায়মুক্তির উদ্দেশ্যে প্রদান কৃত হারাম টাকা গ্রহণ করা গরীবের জন্য কি তাকওয়া পরিপন্থী?

প্রশ্ন:

আমি ব্যাংক থেকে প্রাপ্ত সুদের কিছু অর্থ নেকির নিয়ত ছাড়া দায়মুক্তির নিয়তে যাকাত গ্রহণের উপযুক্ত এক মাওলানা সাহেবকে দিতে চাচ্ছি। আমার জানা মতে, তিনি যথাসাধ্য তাকওয়া-পরহেয়গারির সাথে চলার চেষ্টা করেন। এখন জানার বিষয় হলো, তিনি এই টাকা গ্রহণ করতে পারবেন কি না? পারলে তাঁর জন্য তা তাকওয়ার খেলাফ হবে কি না?

উত্তর:

উক্ত টাকা তিনি গ্রহণ করতে পারবেন এবং তা ভোগ করা তাঁর জন্য হালাল। তবে তিনি যদি জানতে পারেন, তাঁকে প্রদত্ত টাকাগুলো হারাম এবং তিনি এই স্তরের মুত্তাকী হন যে, জীবনের সর্বত্র তিনি সর্বোচ্চ তাকওয়ার উপর চলার চেষ্টা করেন, তাহলে এখানেও তাঁর জন্য এই টাকা গ্রহণ না করা উচ্চস্তরের তাকওয়ার অন্তর্ভুক্ত এবং মুস্তাহাব। - আলমাজমুউ: ৯/৩৫১ (দারুল ফিকর); মাজমুউল ফাতাওয়া: ২৮/৫৯৫ (মাজমাউল মালিক ফাহাদ); ইহয়াউ উলুমিদ্দীন: ২/১৩২ (দারুল মারিফা, বৈরুত); মাতালিবু উলিন নুহা: ৪/৬৬; (আল-মাকতাবুল ইসলামী); আল-মাউসুআতুল ফিকহিয়াহ: ২৬/৩৩৫ (ওয়ারাতুল আওকাফ, কুয়েত)।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহাদি (উফিয়া আনহু)

১৯-০৯-১৪৪৪ হি.

১১-০৪-২০২৩ ঙ্.

